বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/০৬ তারিখ: ০৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

# শোকবার্তা

অদ্য ১৮ ফেব্রুয়ারি ২০২৪ রোজ রবিবার সন্ধা ৬ ঘটিকায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর মাতা বিশিষ্ট কণ্ঠশিল্পী বেগম হাসিনা মমতাজ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ধানমন্ডি'র জাপান বাংলাদেশ ফ্রেন্ডশিপ হাসপাতালে মৃত্যুবরণ করেন। ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৯ বছর।

বেগম হাসিনা মমতাজ ৬০ এর দশক থেকে কণ্ঠশিল্পী হিসেবে জনপ্রিয়তা লাভ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের ছাত্রী ছিলেন এবং বিভিন্ন সাংস্কৃতিক কর্মকান্ডের সাথে জড়িত ছিলেন। পরবর্তীতে ৬৯ এর গণআন্দোলন এবং মুক্তিযুদ্ধের সময়েও সংগীতের মাধ্যমে স্বাধীনতাকামী মানুষকে অনুপ্রেরণা দেন তিনি। জনপ্রিয় গান ' তন্দ্রাহারা নয়ন আমার...' সহ আরো অনেক তাৎপর্যপূর্ণ গানের জন্য তিনি স্মরণীয়। কণ্ঠসংগীতে অবদানের জন্য ২০১৯ সালে বাংলাদেশ শিল্পকলা একাডেমি থেকে শিল্পকলা পদক লাভ করেন তিনি। তার স্বামী বিশিষ্ট ব্যাংকার মরহুম জনাব রফিকুল ইসলাম ন্যাশনাল ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ছিলেন। বেগম হাসিনা মমতাজ এর একমাত্র পুত্র শিবলী রুবাইয়াত-উল-ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন অনুষদের সাবেক ডিন এবং বর্তমানে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান। তিনি একমাত্র পুত্র, পুত্রবধু শেনীন রুবাইয়াত, দুই নাতিসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

আগামীকাল ১৯ ফেব্রুয়ারি রোজ সোমবার বাদ যোহর মরহুমার নামাজে জানাযা ধানমন্ডি ৬/এ ঈদগাহ মসজিদে অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষ হতে আমরা তার বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র